

क्यः 83 वान-राजीत ألْحَسِيبُ

অর্থ

হিসাব-গ্রহণকারী, মহা মীমাংসাকারী

English

☐ Al-Hasib

- The One who gives the satisfaction.
- The noble, The Reckoner

ব্যাখ্যা

আল-হাসীব (মহা মীমাংসাকারী, হিসাব গ্রহণকারী)[1] | Al-□as□b | The Reckoner

আল-হাসীব হলেন যিনি বান্দার সবকিছু সম্পর্কে জ্ঞাত, সর্বজ্ঞানী, সর্বদর্শী, যিনি তাঁর উপর ভরসাকারীদের জণ্য যথেষ্ট, যিনি তাঁর হিকমত ও ইলম অনুযায়ী বান্দার যাবতীয় ভালো-মন্দ কাজের প্রতিদান দানকারী।[2] আবার আল-হাসীব অর্থ আর-রাকীব তথা অতন্দ্র পর্যবেক্ষণকারী, বান্দার কর্ম অনুসারে তাঁর ন্যায় বিচার ও দয়ায় তাদের যাবতীয় কাজের হিসেব গ্রহণকারী। আবার আল-হাসীবের আরেক অর্থ আল-কাফী তথা যথেষ্ট, তিনি বান্দার দু:খ-কষ্ট, চিন্তা-ভাবনা সর্বাবস্থায় তাদের জন্য যথেষ্ট। এর চেয়েও বিশেষ অর্থ হচ্ছে, তিনি তাঁর উপর তাওয়াক্কলকারীদের জন্য যথেষ্ট। আল্লাহ তা'আলা বলেছেন,

"আর যে আল্লাহর ওপর তাওয়াকুল করে আল্লাহ তার জন্য যথেষ্ট।" [সূরা আত-তালাক, আয়াত: ৩] অর্থাৎ তিনি তাদের দুনিয়া ও আখিরাতের যাবতীয় কাজে যথেষ্ট।

আল-হাসীবের আরেক অর্থ যিনি বান্দার ভালো-মন্দ যাবতীয় কাজ হিফাযত করেন, ভালো কাজের প্রতিদান ভালো আর মন্দ কাজের প্রতিদান মন্দ দান করেন। আল্লাহ তা'আলা বলেছেন,

"হে নবী, তোমার জন্য আল্লাহই যথেষ্ট এবং যেসব মুমিন তোমার অনুসরণ করেছে তাদের জন্যও।" [সূরা আল-আনফাল, আয়াত: ৬৪] অর্থাৎ আল্লাহ আপনার ও আপনার অনুসারীদের জন্য যথেষ্ট। অত:এব, যারা রাসুলুল্লাহ



সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামকে প্রকাশ্য ও অপ্রকাশ্য সর্বাবস্থায় অনুসরণ করেন এবং আল্লাহর ইবাদত করেন তাদের জন্য আল্লাহই যথেষ্ট।[3]

[1] এ নামের দলিল আল্লাহর নিম্নোক্ত বাণী,

"আর হিসাব গ্রহণকারী হিসেবে আল্লাহ যথেষ্ট।" [সূরা আন-নিসা, আয়াত: ৬]

- [2] আত-তাফসীর, ৫/৬২৫।
- [3] আল-হাকুল ওয়াদিহ আল-মুবীন, পৃ. ৭৮।

𝚱 Source — https://www.hadithbd.com/99namesofallah/detail/?nid=41

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন